

PM speaks on telephone with President of France

September 21, 2021

ফ্রান্সের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে বার্তালাপ

সেপ্টেম্বর 21, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রঁর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

দুই নেতা আফগানিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি, আঞ্চলিক বিষয় নিয়ে আলোচনা করেছেন। এই প্রেক্ষাপটে সন্ত্রাস, মাদকদ্রব্য, অবৈধ অস্ত্র ও মানব পাচারের সম্ভাব্য বিস্তার এবং সেইসঙ্গে মানবাধিকার, নারী ও সংখ্যালঘুদের অধিকার নিশ্চিত করার প্রয়োজনীয়তা সম্পর্কে উদ্বেগের কথা তারা ভাগ করে নেন।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক সহযোগিতা এবং এই অঞ্চলে স্থিতিশীলতা ও নিরাপত্তা উন্নয়নে ভারত-ফ্রান্স অংশীদারিত্বের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয় নিয়েও উভয়ে পর্যালোচনা করেছেন।

ভারত-ফ্রান্স কৌশলগত অংশীদারিত্বের প্রেক্ষাপটে উভয় দেশের মধ্যে ঘনিষ্ঠ এবং নিয়মিত পরামর্শ বজায় রাখতে তাঁরা সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 21, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.